

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৯২/২০১৬

অভিযোগকারী : জনাব মোহাম্মদ রিয়াজ উদ্দিন

পিতা-মহি উদ্দিন

সহকারী শিক্ষক (ইংরেজী)

সৈয়দপুর ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল

সৈয়দপুর সেনানিবাস, নীলফামারী।

প্রতিপক্ষ : জনাব মোঃ নাজমুল হুদা

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

সৈয়দপুর ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল

সৈয়দপুর সেনানিবাস, নীলফামারী।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ৩১-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী তার অভিযোগে উল্লেখ করেন যে, তথ্য কমিশন কর্তৃক ১৯২/২০১৫ নং অভিযোগের শুনানীঅন্তে প্রদত্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ নাজমুল হুদা, ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, সৈয়দপুর ক্যান্টনমেন্ট বোর্ড, সৈয়দপুর সেনানিবাস, সৈয়দপুর, নীলফামারী তাকে আংশিক তথ্য সরবরাহ করেছেন। সম্পূর্ণ তথ্য পেতে তিনি পুনরায় ২৭-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন। তিনি ১৯২/২০১৫ নং অভিযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ১) (ক) সৈয়দপুর ক্যান্টনমেন্ট বোর্ড মার্কেট কত তারিখে চালু/শুরু করা হয়েছে তার তথ্য সহ উক্ত মার্কেট চালু করার অফিস আদেশ, সিদ্ধান্ত ও রেজুলেশনের সত্যায়িত কপি সহ তথ্য।

(খ) উক্ত মার্কেট চালুর তারিখ হতে অদ্য তারিখ পর্যন্ত উক্ত মার্কেটে মোট বরাদ্দকৃত দোকানগুলোর নম্বরসহ বরাদ্দের তারিখ, বরাদ্দকৃত প্রত্যেক দোকানের বিপরীতে বরাদ্দ প্রাপ্ত প্রত্যেক ব্যক্তির নাম (বরাদ্দপ্রাপ্তদের মধ্যে কোন ব্যক্তি সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত বা সরকারের নিয়ন্ত্রণাধীন কোন প্রতিষ্ঠানে চাকুরীরত অবস্থায় থাকলে উক্ত প্রতিষ্ঠানের নাম সহ উক্ত ব্যক্তির পদবি), পিতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা এবং বরাদ্দের আদেশ, সিদ্ধান্ত ও রেজুলেশনের সত্যায়িত কপি সহ তথ্য। কী কী বা কোন কোন শর্তে দোকান/দোকানগুলো বরাদ্দ দেওয়া হয়েছে তার আদেশ বা সিদ্ধান্তের সত্যায়িত কপি। বরাদ্দপ্রাপ্ত কোন ব্যক্তি পরবর্তীতে তাহার বরাদ্দ বিক্রয় বা অন্য কোন পন্থায় হস্তান্তর করিয়া থাকিলে তার তথ্য। দোকান/দোকানগুলোর বরাদ্দের জন্য কোন পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে থাকলে তার তথ্য।

(গ) দোকান বরাদ্দের বিজ্ঞপ্তির সত্যায়িত ফটোকপি।

(ঘ) বর্তমানে উক্ত মার্কেটে বরাদ্দ প্রদানের প্রক্রিয়াধীন দোকান সমূহের সংখ্যা, যাদের নামে বরাদ্দ প্রক্রিয়াধীন আছে তাদের নাম, পিতার নাম, পদবী, বর্তমান ও স্থায়ী ঠিকানা সহ বরাদ্দের (বরাদ্দ প্রক্রিয়ার) আদেশ, সিদ্ধান্ত ও রেজুলেশনের সত্যায়িত কপি সহ তথ্য। দোকান/দোকানগুলোর বরাদ্দের জন্য কোন পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে থাকলে তার তথ্য।
- ২) সৈয়দপুর ক্যান্টনমেন্ট বোর্ডের প্রশাসনিক শাখার ১০ (দশ) জন কর্মকর্তা-কর্মচারীর ২০১৩ সালের দৈনিক হাজিরা খাতার সত্যায়িত ফটোকপি, পাবলিক ওয়ার্কস শাখার ০৭(সাত) জন কর্মকর্তা-কর্মচারীর ২০১৩ ও ২০১৪ সালের দৈনিক হাজিরা খাতার সত্যায়িত ফটোকপি এবং পাবলিক হেলথ শাখার ১৩ (জন) কর্মকর্তা-কর্মচারীর ২০১৩, ২০১৪ সালের দৈনিক হাজিরা খাতার সত্যায়িত ফটোকপি।
- ৩) সৈয়দপুর ক্যান্টনমেন্ট বোর্ড এর চিঠি পত্র আদান প্রদানের তথ্য গ্রহণ ও বন্টনের যে কয়টি রেজিস্টার ও পিয়ন-বুক ব্যবহার করা হয় তার প্রত্যেকটির ১লা জানুয়ারী, ২০১২ সাল হতে অদ্য তারিখ পর্যন্ত ব্যবহৃত অংশের সত্যায়িত ফটোকপি।

- ৪) সৈয়দপুর ক্যান্টনমেন্ট বোর্ড এর অফিস সুপার জনাব মুজিবুল হক চৌধুরী কত তারিখ হতে এল.পি.আর-এ আছেন, তাঁর এল.পি.আর-এ যাওয়ার পর হতে অদ্য তারিখ পর্যন্ত আপনার দপ্তরের অফিস কর্মে তাঁর অংশগ্রহণের জন্য কোন অফিস আদেশ আছে কিনা থাকলে তার সত্যায়িত ফটোকপি।
- ৫) (ক) সৈয়দপুর ক্যান্টনমেন্ট বোর্ডের বিগত ০৪ (চার) অর্থ বৎসরে উন্নয়ন খাতে বৎসর ওয়াইজ মোট কত টাকা বরাদ্দ করা হয় এবং বরাদ্দকৃত টাকায় কী কী প্রকল্প গ্রহণ করা হয়, প্রকল্পসমূহের প্রাক্কলন, দরপত্র আহবান, মূল্যায়ন, কার্যাদেশ, প্রকল্পের পরিমাপ, প্রকল্পের রেজুলেশন, অনুন্নয়ন খাতের নিজস্ব তহবিল আয়-ব্যয়, প্রকল্প সংস্থাপন ব্যয়-ইত্যাদির সত্যায়িত ফটোকপি।
(খ) সৈয়দপুর ক্যান্টনমেন্ট বোর্ডের বিগত ০৪ (চার) অর্থবৎসরের উন্নয়ন খাতে মোট কত টাকা অনুমোদিত হয়েছে এবং তার মধ্যে কত টাকা সরকারী অনুদান ও নিজস্ব তহবিল তার পৃথক পৃথক ভাবে সাল ওয়াইজ বিবরণসহ ব্যয়ের বিবরণ। উক্ত বিষয়ে আপনার দপ্তর এবং সা.ভূ.সে অধিদপ্তরের আদেশ, সিদ্ধান্ত ও সুপারিশের সত্যায়িত ফটোকপি।
- ৬) সৈয়দপুর ক্যান্টনমেন্ট বোর্ডের নীল ০০০৩ নং পিক-আপটির ফিটনেস এবং ইস্যুরেপ আছে কিনা থাকলে তার তথ্য না থাকলে কত তারিখ হতে নেই তার তথ্যের সত্যায়িত ফটোকপি।
- ২। তথ্য কমিশন কর্তৃক ১৯২/২০১৫ নং অভিযোগের শুনানীঅন্তে প্রদত্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ নাজমুল হুদা, ক্যান্টনমেন্ট এন্সিকিউটিভ অফিসার, সৈয়দপুর ক্যান্টনমেন্ট বোর্ড, সৈয়দপুর সেনানিবাস, সৈয়দপুর, নীলফামারী তাকে আংশিক তথ্য সরবরাহ করেছেন। সম্পূর্ণ তথ্য পেতে তিনি পুনরায় ২৭-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৮-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। শুনানীতে অভিযোগকারী হাজির, কিন্তু প্রতিপক্ষ সময়ের আবেদন করে গরহাজির। প্রতিপক্ষ গরহাজির থাকায় ৩১-০৫-২০১৬ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর প্রতি সমন জারী করা হয়। অদ্য ৩১-০৫-২০১৬ তারিখে শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।
- ৫। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তিনি অভিযোগ করেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা থেকে যথাযথ সময়ে চাহিত তথ্য প্রাপ্ত না হওয়ায় সংক্ষুব্ধ হয়ে তিনি ২৭.০৩.২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপযুক্ত শাস্তি দাবী করেন। তিনি আরো বলেন যে, পরবর্তী সময়ে তিনি যে তথ্য প্রাপ্ত হয়েছেন তা পূর্ণাঙ্গ নয় মর্মে কমিশনকে অবহিত করেন।
- ৬। প্রতিপক্ষ জনাব মোঃ নাজমুল হুদা, ক্যান্টনমেন্ট এন্সিকিউটিভ অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সৈয়দপুর ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল, সৈয়দপুর সেনানিবাস, সৈয়দপুর, তার বক্তব্যে উল্লেখ করেন যে, ১৯২/২০১৫ নং অভিযোগের চাহিত সকল তথ্য স্মারক নং- সৈক্যাবো/ ব্যঃ-১৭০/মোঃরিঃউঃ/২০১২/৭৫০, তারিখ ১০-১২-২০১৫/ ২৬ অগ্রহায়ণ, ১৪২২ বাংলা এর মাধ্যমে তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে সংগ্রহের জন্য পত্র প্রেরণ করেন। এর প্রেক্ষিতে অভিযোগকারী তথ্যের মূল্য পরিশোধ করলে তার চাহিত সকল তথ্য সরবরাহ করা হয়। তথাপি কমিশনে নির্দেশনা অনুযায়ী তিনি অভিযোগকারীকে চাহিত পূর্ণাঙ্গ তথ্যাদি পুনরায় সুবিন্যস্তভাবে সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে প্রার্থনা করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত অবশিষ্ট তথ্য পুনরায় সুবিন্যস্তভাবে কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ১৫ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত অবশিষ্ট তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ নাজমুল হুদা, ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সৈয়দপুর ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল, সৈয়দপুর সেনানিবাস, সৈয়দপুর কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্যও নির্দেশনা দেওয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার